

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২৬৯

তারিখঃ

১৮ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ  
০৩ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৯৩ তম কমিশন সভা অদ্য ০৩/১০/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. Union Bank Limited কর্তৃক ২০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2009-193/27/admin/127, dated: 19 July, 2021 অনুযায়ী আইপিও আবেদনের ১৫% শেয়ার ইস্যুয়ার ব্যাংকের কর্মীদের মাঝে ইস্যু সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে কমিশনের অধ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রেক্ষিতে শুধুমাত্র Union Bank Limited এর Employee দের মধ্যে ১৫% শেয়ার বন্টন এবং উক্ত শেয়ারের লক-ইন এর মেয়াদ ০২ (দুই) বছর নির্ধারণ করার বিষয়ে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ইস্যুয়ার কোম্পানিকে ১৫% Distribution of Securites অনুযায়ী প্রস্পেক্টাসে যে সকল পরিবর্তন হবে তা সংযোজন করে নতুন প্রসপেক্টাস কমিশনে জমা দেওয়ার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
০২. Union Insurance Co. Ltd. কর্তৃক ২৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখে কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2009-193/27/admin/127, dated: 19 July, 2021 অনুযায়ী আইপিও আবেদনের ১৫% শেয়ার ইস্যুয়ার কোম্পানির কর্মীদের মাঝে ইস্যু সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে কমিশনের অধ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয়। কমিশন সভায় বিগত ১৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ইস্যুকৃত Consent Letter বাতিলপূর্বক নতুন Consent Letter ইস্যু, Union Insurance Co. Ltd. এর Employee দের মধ্যে ১৫% শেয়ার বন্টন এবং উক্ত শেয়ারের লক-ইন এর মেয়াদ ০২ (দুই) বছর নির্ধারণ করার বিষয়ে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ইস্যুয়ার কোম্পানিকে ১৫% Distribution of Securites অনুযায়ী প্রস্পেক্টাসে যে সকল পরিবর্তন হবে তা সংযোজন করে নতুন প্রসপেক্টাস কমিশনে জমা দেওয়ার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩. কমিশন অধ্যকার সভায়, BD Thai Food & Beverage Ltd. (বিডি থাই ফুড এন্ড বেভারেজ লিমিটেড) এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ০১ কোটি ৫০ লক্ষ সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৫ (পনের) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, দালানকোঠা নির্মাণ, ভূমি উন্নয়ন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV Without Revaluation) টাকা ১২.৮২ এবং পুনঃমূল্যায়নসহ নেট এ্যাসেটভ্যালু (NAV With Revaluation) টাকা ১৪.২৩ এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (EPS) ০.৬৩ টাকা। উল্লেখ্য যে, কোম্পানিটির পরিশোধিত মূলধন ৬৬.৫০ কোটি টাকা। উক্ত টাকার শেয়ার ধারণকারীগণ এক্সচেঞ্জে এই কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয়ের দিন থেকে পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত কোন শেয়ার ক্রয়-বিক্রয় করতে পারবে না (Lock in for all existing shareholders are three years from

*(Signature)*

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

first trading date in the exchange)। এছাড়া আরও উল্লেখ্য যে, কোম্পানিটির শেয়ার প্রতি আয় (EPS) ১.০০ টাকা বা তদুর্ধ্ব না হওয়া পর্যন্ত উদ্যোক্তা এবং পরিচালকগণ কোন প্রকার লভ্যাংশ গ্রহণ করতে পারবেন না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে BLI Capital Limited ও Unicap Investment Limited। এ প্রেক্ষিতে শুধুমাত্র BD Thai Food & Beverage Ltd. এর Employee দেব মধ্যে ১৫% শেয়ার বন্টন এবং উক্ত শেয়ারের লক-ইন এর মেয়াদ ০২ (দুই) বছর নির্ধারণ করার বিষয়ে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবেনা।

০৪. কমিশন অধ্যকার সভায়, সুহৃদ ইন্ডাস্ট্রিজ লি: এর জুন ৩০, ২০১৯ সমাপ্ত বছরের ঘোষিত ১০% লভ্যাংশ পরিশোধ না করার বিষয়ে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে দেখা যায় যে, আর্থিক সামর্থ্য না থাকা সত্ত্বেও কোম্পানির তৎকালীন পরিচালনা পর্যদ প্রতারণামূলক কর্মকান্ডের উদ্দেশ্যে লভ্যাংশ ঘোষণা করে। এ বিষয়ে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।

Placed on  
03-10-2021  
মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র